**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 22.08.2026** **Time: 1.30**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ ২২ জন ভারতীয় নাবিকসহ দুটি বিদেশী পতাকাবাহী বাণিজ্যিক জাহাজ ছিনতাইয়ের ঘটনায় ভারত সোমালিয়ার কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করছে।

২/ সরকার চার বছরের কম বয়সি শিশুদের জন্য ক্লোরফেনিরামিন ম্যালিয়েট এবং ফেনাইলেফ্রিন হাইড্রোক্লোরাইড-যুক্ত সমস্ত ফিক্সড ডোজ কম্বিনেশন ওষুধের উৎপাদন, বিক্রি ও বিতরণের ওপর বিধিনিষেধ আরোপ করেছে।

৩/ পাহাড়ের সমস্যার স্থায়ী সমাধানে কেন্দ্রের তরফে নিয়োগ করা মধ্যস্থতাকারী কমিটি একটি কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ এই সংক্রান্ত এক বৈঠকের সভাপতিত্ব করেন।

৪/ ভারতের সভাপতিত্বে ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির পর্যটন মন্ত্রীরা জয়পুর ঘোষণাপত্রে সহমত পোষণ করেছেন।

৫/ বিভিন্ন অপরাধমূলক কাজের সঙ্গে জড়িত থাকার অভিযোগে মধ্যপ্রাচ্যের দেশগুলি থেকে ২০ হাজারেরও বেশি পাকিস্তানের নাগরিক বিতাড়িত।

৬/ ভারতের তৃষা জলি ও গায়েত্রী গোপিচাঁদ BWF বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপের মহিলাদের ডবলস-এর সেমি ফাইনালে উঠেছেন।

***************************************************************************

২২ জন ভারতীয় নাবিক সহ দুটি বিদেশি পতাকাবাহী বাণিজ্যিক জাহাজ ছিনতাইয়ের ঘটনায় ভারত সোমালিয়ার কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করছে।
ছিনতাই হওয়া এমটি সিবুতে ১৬ জন এবং এমভি লুতুফে ৬ জন ভারতীয় নাবিক ছিলেন। সশস্ত্র জলদস্যুরা ইয়েমেন ও সোমালিয়ার উপকূলে আলাদা আলাদা ঘটনায় এই জাহাজ দুটি ছিনতাই করে। কেনিয়ার ভারতীয় হাইকমিশন সামাজিক মাধ্যমে জানিয়েছে, সব ভারতীয় নাবিক নিরাপদ আছেন। হাইকমিশন জানিয়েছে , ভারত তার নাবিকদের নিরাপত্তা ও কল্যাণকে সর্বোচ্চ গুরুত্ব দেয় পাশাপাশি বিষয়টি সোমালিয়ার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে উত্থাপন করা হয়েছে।

এরিত্রিয়ার পতাকাবাহী তেলজাত পণ্যবাহী ট্যাঙ্কার এমটি সিবু ১, যাতে ২০ জন ক্রু ছিলেন, তাদের মধ্যে ১৬ জন ভারতীয়, ২০ আগস্ট ইয়েমেন উপকূল থেকে প্রায় ৩০ নটিক্যাল মাইল দূরে গালফ অব এডেনে ছিনতাই হয়।
অন্যদিকে, ক্যামেরুনের পতাকাবাহী এমভি লুতুফ, ১৭ আগস্ট সোমালিয়ার পন্টল্যান্ড উপকূলে ছিনতাই হয়। এতে ৬ জন ভারতীয় সহ ১০ জন ক্রু ছিলেন ।

*****************************************************************************

সরকার আজ চার বছরের কম বয়সি শিশুদের জন্য ক্লোরফেনিরামিন ম্যালিয়েট এবং ফেনাইলেফ্রিন হাইড্রোক্লোরাইড-যুক্ত সমস্ত ফিক্সড ডোজ কম্বিনেশন ওষুধের উৎপাদন, বিক্রি ও বিতরণের ওপর বিধিনিষেধ আরোপ করেছে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, চার বছরের কম বয়সি শিশুদের ক্ষেত্রে এই ওষুধ ব্যবহার করা যাবে না। শিশুদের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষায় এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে মনে করা হচ্ছে। সরকার ওষুধ প্রস্তুতকারক সংস্থাগুলিকে নির্দেশ দিয়েছে, এই ধরনের ওষুধের লেবেল, প্যাকেজ ইনসার্ট এবং প্রচারমূলক সামগ্রীতে স্পষ্টভাবে লিখতে হবে—"চার বছরের কম বয়সি শিশুদের ক্ষেত্রে এই ফিক্সড ডোজ কম্বিনেশন ব্যবহার করা যাবে না।"

*****************************************************************************

পাহাড়ের স্থায়ী সমস্যার সমাধানে শিলিগুড়িতে পাহাড়ের নেতাদের নিয়ে শনিবার আলোচনায় বসেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্। সেই বৈঠকে পাহাড়ের সমস্যার স্থায়ী সমাধানে কেন্দ্রের তরফে নিয়োগ করা মধ্যস্থতাকারী পঙ্কজ সিং এর নেতৃত্বে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কমিটি সমস্যা সমাধানের লক্ষ্যে কেন্দ্রকে রিপোর্ট দেবে।
এদিন আলোচনা শেষে দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্তা বলেন, সমস্যা সমাধানে সংবিধানে থেকেই যা করার তা করা হবে। নতুন কমিটিতে পাহাড়ের অন্যান্য রাজনৈতিক নেতৃত্বকেও অন্তর্ভুক্ত করা হবে। পাহাড়ের বিভিন্ন সমস্যা, দাবি এবং সংশ্লিষ্ট বিষয়গুলি নিয়ে এই কমিটি কাজ করবে।

*****************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, তাঁর সরকারের কাছে সংস্কার কোনো বাধ্যবাধকতা নয়, এটি এক অঙ্গীকার ও দৃঢ় প্রত্যয়। সরকারের গৃহীত নীতিগুলি জনকল্যাণমুখী, উন্নয়ন-সহায়ক ও উন্নয়নমুখী। নতুন দিল্লিতে 'ওয়ার্ল্ড লিডারস ফোরাম'-এ গতসন্ধ্যায় ভাষণ দেবার সময় প্রধানমন্ত্রী বলেন তাঁর সরকার সংস্কারের জন্য একটি সুস্পষ্ট কর্মপরিকল্পনা তৈরি করেছে, যেখানে প্রশাসনিক স্তরের সংস্কারের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। দেশের ভবিষ্যৎ সুরক্ষিত করার লক্ষ্যে ভারত নীতিগত পর্যায়ে 'পরবর্তী প্রজন্মের সংস্কার' বাস্তবায়ন করছে। শুধুমাত্র নিয়মের পরিবর্তনই করছে না, এর পেছনের মূল চিন্তাধারাকেও বদলে দিচ্ছে।

*****************************************************************************

নতুন দিল্লির বিজ্ঞান ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ৪৮ জন স্কুল শিক্ষকদের হাতে আগামী মাসের ৫ তারিখে জাতীয় শিক্ষক পুরস্কার তুলে দেবেন। শিক্ষা মন্ত্রক জানিয়েছে, জেলা, রাজ্য এবং জাতীয় স্তরে তিন ধাপের নির্বাচনী প্রক্রিয়ার মাধ্যমে স্কুল শিক্ষকদের নির্বাচন করা হয়েছে। নির্বাচিত ৪৮ জন স্কুল শিক্ষক দেশের ২৭টি রাজ্য, ৭টি কেন্দ্রশাসিত অঞ্চল এবং কেন্দ্রীয় সরকারের ৬টি সংস্থাকে প্রতিনিধিত্ব করছেন। এদের মধ্যে ২৬ জন পুরুষ এবং ২২ জন মহিলা শিক্ষক রয়েছেন। শিক্ষা মন্ত্রক আরও জানিয়েছে, চলতি বছরের ১৫ জুন থেকে ২০ জুলাই পর্যন্ত, শিক্ষা মন্ত্রকের পোর্টালের মাধ্যমে জাতীয় শিক্ষক পুরস্কার ২০২৬-এর জন্য যোগ্য শিক্ষকদের কাছ থেকে অনলাইনে স্ব-মনোনয়ন গ্রহণ করা হয়েছিল।

এই অনুষ্ঠান দূরদর্শন এবং শিক্ষা মন্ত্রকের SWAYAM PRABHA চ্যানেলে সরাসরি সম্প্রচারিত হবে।

*****************************************************************************

জয়পুরে ভারতের সভাপতিত্বে ব্রিক্স গোষ্ঠীভুক্ত এবং সদস্য দেশগুলির পর্যটন মন্ত্রীদের সভা শেষে জয়পুর ঘোষণাপত্র গৃহীত হয়েছে। এই ঘোষণাপত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা, টেকসই পর্যটন, দক্ষতা উন্নয়ন ও সহজতর ভ্রমণকে অগ্রাধিকার দেওয়া হয়েছে।

সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং সেখাওয়াত বলেছেন, 2047 সালের বিকসিত ভারতের লক্ষ্যে গ্রাম-শহর, সব ক্ষেত্রেই পর্যটনের বিস্তার অর্থনৈতিক সুযোগ তৈরি করবে। পাশাপাশি কৃত্রিম বুদ্ধিমত্তার কার্যকর ব্যবহার ও দক্ষতা উন্নয়নের ওপরও তিনি জোর দেন ।

সভায় ব্রাজিল, ইরান, দক্ষিণ আফ্রিকা, সংযুক্ত আরব আমিরশাহী , চীন, ইথিওপিয়া, ইন্দোনেশিয়া ও রাশিয়াসহ মোট নয়টি সদস্যরাষ্ট্রের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। পর্যটনের ক্ষেত্রে সহযোগিতা বাড়াতে ব্রাজিল, ইরান, দক্ষিণ আফ্রিকা, ইউএই এর সঙ্গে ভারতের দ্বিপাক্ষিক আলোচনা হয় ।

*****************************************************************************

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ড. মনসুখ মান্ডভিয়া আজ ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলোর মন্ত্রী ও উচ্চপদস্থ প্রতিনিধিদের সঙ্গে অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমের কাছে অবস্থিত ঐতিহাসিক থোটলাকোন্ডা বৌদ্ধ ঐতিহ্যবাহী স্থানটি পরিদর্শন করেছেন। প্রতিনিধিদলটি প্রাচীন বৌদ্ধ নিদর্শনগুলির মধ্যে মহাস্তূপ, ধ্যানকেন্দ্র ইত্যাদি ঘুরে দেখেন। এছাড়া, ‘এক পেড় মা কে নাম’ (মায়ের নামে একটি গাছ) অভিযানের অংশ হিসেবে ড. মান্ডভিয়া থোটলাকোন্ডায় একটি গাছের চারা রোপণ করেন।

বিশাখাপত্তনমে আগামীকাল ব্রিকস ক্রীড়ামন্ত্রীদের বৈঠক অনুষ্ঠিত হবে। ড. মনসুখ মান্ডভিয়ার সভাপতিত্বে এই বৈঠকে ক্রীড়া ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা জোরদার করার বিষয়ে আলোচনা আশা করা হচ্ছে।

*****************************************************************************

ঝাড়খণ্ডের রামগড় জেলার বরকাকানা ওপি অঞ্চলে হেলালে মা ছিন্ন মস্তিকা সিমেন্ট অ্যাণ্ড স্টিল পাওয়ার প্ল্যান্টে টারবাইনে বিশাল বিস্ফোরণের ঘটনায় বড় ধরনের আগুন লাগে। ঘটনাস্থলেই তিনজন ইঞ্জিনিয়ারের মৃত্যু হয়। অপর একজন গুরুতর আহত। প্রাথমিকভাবে জানা গেছে, প্রচণ্ড উত্তাপের কারণে প্রকল্পটির সুরক্ষা ব্যবস্থা ভেঙে পড়ে। যারফলেই টারবাইনটি দ্রুত ঘুরতে থাকে এবং বিস্ফোরণ ঘটে। শ্রমিকদের অভিযোগ প্রকল্পের কর্তাব্যক্তিদের এর আগেও অতিরিক্ত গরমের বিষয়ে জানানো হয়েছিল কিন্তু কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ঘটনার জেরে ওই অঞ্চলের মানুষজন আজ রামগড়-পাত্রাতু সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখাচ্ছে। তাদের দাবি, মৃতদের পরিবারের সদস্যদের চাকরি এবং ক্ষতিপূরণ। ঘটনাস্থলে পুলিশ এবং কারখানার কর্তৃপক্ষ পৌঁছে বিক্ষোভকারীদের সঙ্গে আলোচনা চালাচ্ছে।

**************************************************************************************

তেলেঙ্গানার যাদাদ্রি ভুবনগিরি জেলার পচমপল্লি মন্ডলের ধোতিগুদেম গ্রামে হাজিলো ল্যাবস প্রাইভেট লিমিটেডের কারখানায় গতরাতে আচমকা একটি কেমিক্যাল রিএক্টার বিস্ফোরণের ঘটনায় কমপক্ষে ২ শ্রমিকের মৃত্যু হয়েছে,আহত আরও ৯ শ্রমিক। বিস্ফোরণের ফলে কারখানাটিতে আগুন ছড়িয়ে পড়ে।
আহত ৯ জনকে দ্রুত হায়দ্রাবাদের কয়েকটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এদের মধ্যে দু'জনের অবস্থা আশঙ্কাজনক। বিস্ফোরণের পরেই স্থানীয় প্রশাসনের আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছন। পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে,বিস্ফোরণের কারন খতিয়ে দেখা হচ্ছে।

**************************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩০ শে আগস্ট , আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭-তম** পর্ব।
আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

**************************************************************************************

পাকিস্তানের জাতীয় সংসদে পেশ করা তথ্যে প্রকাশ পেয়েছে চলতি বছরের ১লা মার্চ থেকে ১৩ই জুলাই পর্যন্ত,২০হাজারেরও বেশি পাকিস্তানের নাগরিক,ভিক্ষা চাওয়া,অপরাধ মূলক কাজে জড়িত থাকার অভিযোগে মধ্য প্রাচ্যের দেশ গুলি থেকে বিতাড়িত হয়েছে। পাকিস্তানের মাদক নিয়ন্ত্রণ মন্ত্রকের পেশ করা তথ্য অনুযায়ী সৌদি আরব থেকে সর্বোচ্চ ১৫ হাজার ৫ শো, সংযুক্ত আরব আমীরশাহী থেকে ৩হাজার ৮ শো ৩, ওমান থেকে ১হাজার ৬শো ৬,বাহারিন থেকে ৫শো ২১,কাতার থেকে ৪শো ২৯ এবং কুয়েত থেকে ৯৭ জন পাকিস্তানিকে ভিক্ষাবৃত্তি,বেআইনি অনুপ্রবেশ, মাদক সংক্রান্ত অপরাধ,ভিসা লঙ্ঘন সহ অন্যান্য

অপরাধের অভিযোগে বিতাড়িত করা হয়েছে। কর্তৃপক্ষ জানিয়েছে, এছাড়াও মধ্যপ্রাচ্যের দেশগুলির উপর ইরানের হামলার ভিডিও করা এবং সমাজ মাধ্যমে তা ছড়িয়ে দেওয়ার অপরাধে বেশ কিছু পাকিস্তানের নাগরিককে প্রত্যর্পণ করা হয়েছে।

*************************************************************************************

কানাডার আলবার্টা প্রদেশে একটি গুরুদুয়ারায় ভোরের প্রাথনা চলাকালীন এক ব্যক্তির ছুরিকাঘাতে ২ জন আহত হয়েছেন। এডমন্টনের উত্তর-পূর্বে অবস্থিত নানকসার গুরুদুয়ারা গুরশিখ মন্দিরে ভোর ৫টার কিছু পরে এই ঘটনাটি ঘটে। এডমন্টন পুলিশ ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় এবং ওই আততায়ী ব্যক্তিকে গ্রেপ্তার করে।

কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি এই হামলার তীব্র নিন্দা জানিয়েছেন এবং আহত ব্যক্তি ও শিখ সম্প্রদায়ের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছেন।

*************************************************************************************

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মার্কিন ভোটারদের জন্য ছবিযুক্ত পরিচয়পত্র এবং নাগরিকত্বের প্রমাণ বাধ্যতামূলক করার জন্য ফের দাবি জনিয়েছেন। আগামী নভেম্বরে কংগ্রেসে রিপাবলিকানদের ক্ষমতা বজায় রাখতে নির্বাচনী প্রচারের অংশ হিসেবে তিনি এই নিয়মাবলীকে প্রচারাভিযানের মূল কেন্দ্রবিন্দুতে নিয়ে এসেছেন। প্রেসিডেন্ট ট্রাম্প আজ দক্ষিণ ক্যারোলিনার মার্টল বিচে আয়োজিত এক রিপাবলিকান সমাবেশে 'সেভ আমেরিকা অ্যাক্ট' (Save America Act) পাস করার আহ্বান জানান। তিনি বলেন, এই আইনের মাধ্যমে প্রতিটি ভোটারের ছবিযুক্ত পরিচয়পত্র প্রদান এবং তারা যে মার্কিন নাগরিক তা প্রমাণ করা বাধ্যতামূলক করা উচিত। এর আগে, ডোনাল্ড ট্রাম্প ভারতের প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের প্রসঙ্গ টেনে ভারতের নির্বাচন ব্যবস্থা এবং ভোটারদের পরিচয়পত্র সংক্রান্ত নিয়মের প্রশংসা করেন।

*************************************************************************************

বিডব্লিউএফ (BWF) ব্যাডমিন্টন বিশ্ব চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে আজ ভারতের মহিলা ডাবলস জুটি— তৃষা জলি ও গায়ত্রী গোপীচাঁদ নতুন দিল্লির ইন্দিরা গান্ধী ইনডোর স্টেডিয়ামে চীনের শীর্ষ বাছাই লিউ শেং শু ও তান নিং-এর মুখোমুখি হবে।

এর আগে তাঁরা গতকাল কোয়ার্টার ফাইনাল ম্যাচে চীনের জিয়া য়িফান ও ঝ্যাং শুজিয়ানকে ১৬-২১, ২১-১৫, ২১-১৩ গেমে হারিয়ে শেষ চারে পৌঁছেছেন।

*************************************************************************************